# স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০২৩-২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা ১২১৬।
ই-মেইল: dgprimarybd@gmail.com
ওয়েব-সাইট:www.dpe.gov.bd
টেলিফোন: ০২-৫৫০৭৪৭৭৭

২০২৩-২০২৪

# মুখবন্ধ

সমৃদ্ধ দেশ ও আলোকিত মানুষ গড়ে তোলার জন্য শিক্ষার বিকল্প নাই। এ উপলব্ধি থেকে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সকল নাগরিকের জন্য প্রাথমিক শিক্ষাকে সাংবিধানিক অধিকার হিসেবে স্বীকৃতি দিয়েছেন এবং প্রাথমিক শিক্ষাকে সর্বজনীন বাধ্যতামূলক করে সোনার বাংলা গড়ার প্রত্যয় ব্যক্ত করেন। বঙ্গবন্ধুর গৃহীত পদক্ষেপ অনুসরণ করে বর্তমান সরকার শিক্ষাকে সর্বাধিক গুরুত্ব দিয়েছে।

শিক্ষা হলো জাতির সার্বিক উন্নয়ন ও সমৃদ্ধির চাবিকাঠি। সে প্রেক্ষিতে জাতির জনক মহান স্বাধীনতার অব্যবহিত পরেই দক্ষ ও মেধাসম্পন্ন সুশিক্ষিত মানবসম্পদ গড়ার লক্ষ্যে প্রাথমিক বিদ্যালয়কে জাতীয়করণ এবং শিক্ষকদের জাতীয়করণসহ ব্যাপক কার্যক্রম গ্রহণ করেন যা জাতির কাছে চিরস্মরণীয় হয়ে আছে। এরই ধারাবাহিকতায় জাতির জনকের সুযোগ্য কন্যা বর্তমান সরকারের মাননীয় প্রাধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা শিক্ষাখাতকে সর্বোচ্চ গুরত্ব দিয়ে মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চতকরণে নিরন্তর প্রয়াস চালিয়ে যাচ্ছেন। ইতোমধ্যে প্রাথমিক শিক্ষাক্ষেত্রে বর্তমান সরকারের অর্জিত সাফল্য সর্বমহলে ব্যাপকভাবে সমাদৃত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর দূরদর্শী নেতৃত্বে যুগান্তকারী ‘শিক্ষানীতি ২০১০’ প্রণীত হয়েছে এবং শিক্ষানীতির আলোকে দেশের সকল স্তরের শিক্ষা ব্যবস্থাপনাকে ঢেলে সাজানোর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

বাংলাদেশের সংবিধান জনগণকে রাষ্ট্রের মালিক হিসেবে ঘোষনা করেছে। সংবিধানের ২১(২) অনুচ্ছেদে ‘‘সকল সময়ে জনগণের সেবা করিবার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য ’’ উল্লেখ রয়েছে। সংবিধানে বর্ণিত এ নির্দেশনা অনুসরণ করে উদার মনোভাব নিয়ে দ্রুততার সাথে জনসেবা নিশ্চিত করা প্রজাতন্ত্রের কর্মচারীদের অন্যতম প্রধান দায়িত্ব ও কর্তব্য। সরকারি দপ্তর কর্তৃক প্রদেয় সেবা সংক্রান্ত তথ্য উন্মুক্তকরণ জনগণের সেবা পাওয়ার অন্যতম পূর্বশর্ত। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অবাধ তথ্যপ্রবাহ নিশ্চিত করার লক্ষ্যে ২০০৯ সালে ‘তথ্য অধিকার আইন,’ প্রণয়ন করেছে। তথ্য অধিকার আইন,২০০৯ প্রণীত হওয়ায় দেশের জনগণের তথ্যে প্রবেশাধিকারের ক্ষেত্রে একটি নবযুগের সূচনা হয়েছে। এটি এমন একটি আইন, যা সাধারণ জনগণ সরকারি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের উপর প্রয়োগ করে। তাই এ আইন বাস্তবায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ ও চ্যালেঞ্জিং এবং এর ফলাফল আরও বেশী সুদূরপ্রসারী। তথ্য অধিকার আইন বাস্তবায়নের চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশ সরকার দৃঢ় প্রতিজ্ঞ।

বর্তমানে বাংলাদেশ উন্নয়ন ও অগ্রগতির ক্ষেত্রে বিশ্ববাসীর নিকট এক ‘রোল মডেল’ হিসেবে পরিচিতি লাভ করেছে। ‘রূপকল্প ২০২১’ বাস্তবায়নের মাধ্যমে সরকারি সেবা প্রদান পদ্ধতিকে গণমুখী করা ও রাষ্ট্রের সর্বস্তরে সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে বর্তমান সরকার কাজ করে যাচ্ছে। সুশাসনের অন্যতম পূর্বশর্ত হলো স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা। তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নের মাধ্যমে স্বচ্ছতা ও জবাদিহিতা নিশ্চিত করা সম্ভব হচ্ছে। নাগরিকের তথ্য অধিকার প্রতিষ্ঠার অন্যতম কার্যকর পন্থা হলো স্বপ্রণোদিত তথ্য প্রকাশ। এ প্রেক্ষিতে তথ্যে জনগণের অবাধ প্রবেশাধিকার নিশ্চিত করা জন্য তথ্য অধিকার আইন, ২০০৯ এর ১০ ধারার বিধাননুসারে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। এছাড়া এ অধিদপ্তর তথ্য অধিকার আইন ও সংশ্লিষ্ট বিধি - বিধানের আলোকে **‘‘স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা ’’**প্রণয়ন করে ওয়েবসাইটে প্রকাশ করেছে। আশা করি নির্দেশিকাটি দেশের সকল নাগরিকের জন্য তথ্য প্রাপ্তির অবারিত সুযোগ সৃষ্টি করবে।

০১/১২/২০২৩

শাহ রেজওয়ান হায়াত
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন:০২-৫৫০৭৪৭৭৭
ই-মেইল: dgprimarybd@gmail.com
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬।

# সূচীপত্র


| ক্রমিক নং | বিষয়বস্তু |
|---|---|
| ০১. | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর ভূমিকা |
| ১.১ | তথ্যের শিরোনাম |
| ০২. | তথ্য সংগ্রহ ও সংরক্ষন পদ্ধতি |
| ০৩. | তথ্য প্রদানের পদ্ধতি |
| ০৪. | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা(প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও মাঠ পর্যায়ের কার্যালয়) |
| ০৫. | আপীল কর্তৃপক্ষ এবং আপীল পদ্ধতি |
| ০৬. | স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও মাধ্যম |
| ০৭. | প্রদানযোগ্য তথ্যের তালিকা |
| ০৮. | কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্যের তালিকা |

## ০১. তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ভুমিকা:

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন বাংলাদেশকে জাতির পিতার কাঙ্খিত সোনার বাংলায় রুপান্তরের উদ্দেশ্যে প্রাথমিক শিক্ষা হবে সকল শিক্ষার মূল ভিত্তি। দেশে শিক্ষিত, দক্ষ এবং আধুনিক ধ্যান-ধারণায় উপযুক্ত জনবল তৈরির জন্য মানসম্মত প্রাথমিক শিক্ষা এখন সময়ের দাবী। দেশের সমগ্র শিক্ষা ব্যবস্থার মূল ভিত্তি হিসেবে প্রাথমিক শিক্ষার উন্নয়ন এবং সুষ্ঠু ব্যবস্থাপনা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ বিবেচনায় শিক্ষাক্ষেত্রে এ দেশের নাগরিকদের মৌলিক সাংবিধানিক অধিকার নিশ্চিত করার লক্ষ্যে ১৯৯০ খ্রিষ্টাব্দে প্রাথমিক ও গণশিক্ষা আইনের মাধ্যমে বাধ্যতামূলক করা হয়। প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনায় গতিশীলতা আনয়নের জন্য ১৯৯২ খ্রিষ্টাব্দে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এবং পরবর্তীতে ২০০৩ সালে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় নামে একটি পূর্ণাঙ্গ মন্ত্রণালয় গঠন করা হয়। মানবসম্পদ উন্নয়নের সূচকে বাংলাদেশ বিগত বছরের থেকে তিন ধাপ এগিয়ে ২০১৮ সালে ১৩৬-এ উন্নীত হয়েছে। উন্নয়নের এ অগ্রযাত্রায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বিশেষ অবদান রাখছে। মাঠ পর্যায়ে ৮টি বিভাগে বিভাগীয় উপপরিচালকের অফিস, ৬৪ টি জেলায় জেলা প্রাথমিক শিক্ষা অফিস, ৬৪ জেলায় ৬৭ টি পিটিআই(প্রাইমারি টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট), ৫০৫ টি উপজেলা/থানা শিক্ষা অফিস এবং ৪৮২ টি উপজেলা/থানা রির্সোস সেন্টার রয়েছে। প্রতিটি দপ্তর একটি ইউনিট হিসেবে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে অবাধ তথ্য প্রবাহ নিশ্চিত করছে।

### ১.১ তথ্যের শিরোনাম: স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০০৯ নামে অভিহিত হবে।

## ০২.তথ্য সংগ্রহ ও সংরক্ষণ পদ্ধতি:

তথ্য অধিকার আইন, ২০০৯ এর অধীন নাগরিকের তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিত করার লক্ষ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রয়োজনীয় তথ্যসমূহ সংগ্রহপূর্বক তা যথাযথভাবে নিম্নরুপ ভাবে সংরক্ষণ করবে (তথ্য অধিকার আইন, ২০০৯- এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ফাইলের ইনডেক্স প্রস্তুত রয়েছে। হালনাগাদকৃত৩১/১২/২০২৩)

- স্বপ্রণোদিত তথ্যসহ অন্যান্য সকল তথ্য (যা প্রকাশে আইনগত বাধা নেই) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে (**www.dpe.gov.bd**) থাকবে।

## ০৩.তথ্য প্রদানের পদ্ধতি:

(ক) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মুদ্রিত অনুলিপি, ফটোকপি, নোট, ই-মেইল, ইলেকট্রনিক ফরমেট বা প্রিন্ট-আউট পদ্ধতিতে তথ্য সরবরাহ করবেন;

(খ) বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্য লাভে সহায়তা করবেন;

(গ) আবেদনকারীর চাহিত চাহিদা মোতাবেক তথ্য সংগ্রহপূর্বক সরবরাহ করা;

## ০৪. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা: (প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও মাঠ পর্যায়ের কার্যালয়)

তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নের জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীততথ্য অবমুক্তকরণ নীতিমালা,২০১৯ অনুযায়ী তথ্য সরবরাহের লক্ষ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষের দাপ্তরিক পদবি ও টেলিফোন নম্বর সহ ঠিকানা অফিস আদেশের মাধ্যমে স্ব-স্ব দপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করবেন।

## প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর তথ্য প্রদানকারী কর্মকর্তা:

| ক্র: নং | দায়িত্বের ধরন | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | ঠিকানা | দাপ্তরিক ফোন |
|---|---|---|---|---|
| ১. | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) | মোঃ ইমামুল ইসলাম<br>উপপরিচালক(সংস্থাপন)<br>প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর<br>সেকশন-২, মিরপুর,<br>ঢাকা-১২১৬<br>ই-মেইল: emamul2001@gmail.com<br>/ddestabdpe@gmail.com | ০২-৫৫০৭৪৯২৩ |
| | | ছুটিজনিত বিকল্প<br>মো: রকিবউদ্দিন<br>উপপরিচালক(প্রশাসন)<br>প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | ঐ<br>ই-মেইল: dddpeadm@gmail.com/ | ০২-৫৫০৭৪৯৭৯ |
| ২ | আপীল কর্তৃপক্ষ | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়,<br>ভবন নং-৬(৭ম তলা) বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০০, scy@mopme.gov.bd | +৮৮০২-৫৫১০০৪৮৪ |

## বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা (সকল বিভাগ)

| ক্রম | ইউনিটের নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার ( আরটিআই) নাম ও পদবি | আপীল কর্তৃপক্ষ | যোগাযোগের ঠিকানা /দাপ্তরিক ফোন ও ইমেইল |
|---|---|---|---|---|
| ০১ | বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা | সহকারী পরিচালক/শিক্ষা অফিসার (বিভাগীয় উপপরিচালকের কার্যালয়)<br>বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বিভাগীয় উপপরিচালক/ উক্ত কার্যালয়ের যে কোন কর্মকর্তা | শাহ্ রেজওয়ান হায়াত<br>মহাপরিচালক (গ্রেড-১)<br>প্রাথমিক শিক্ষা অধিদপ্তর<br>মিরপুর-২, ঢাকা<br>ফোন:০২-৫৫০৭৪৭৭৭<br>ই-মেইল: dgprimarybd@gmail.com<br><br>ছুটিজনিত বিকল্প<br>অতিরিক্ত মহাপরিচালক<br>প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা<br>সংশ্লিষ্ট বিভাগ |

## জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয় (সকল)

| ক্রম | ইউনিটের নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার (আরটিআই) নাম ও পদবি | আপীল কর্তৃপক্ষ | যোগাযোগের ঠিকানা /দাপ্তরিক ফোন ও ইমেইল |
|---|---|---|---|---|
| ০১ | জেলা প্রাথমিক শিক্ষা অফিস | সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্ত কার্যালয়ের যে কোন কর্মকর্তা | বিভাগীয় উপপরিচালক প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট বিভাগ | সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয় |

**প্রাইমারি ট্রেনিং ইনস্টিটিউট (PTI) (সকল)**

| ক্রম | ইউনিটের নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার ( আরটিআই) নাম ও পদবি · | আপীল কর্তৃপক্ষ | যোগাযোগের ঠিকানা /দাপ্তরিক ফোন ও ইমেইল |
|---|---|---|---|---|
| ০১ | প্রাইমারি ট্রেনিং ইনস্টিটিউট (PTI) | সহকারী সুপারিনটেনডেন্ট/ জ্যেষ্ঠ ইন্সট্রাক্টর | বিভাগীয় উপপরিচালক প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট বিভাগ | সংশ্লিষ্ট প্রাইমারি ট্রেনিং ইনস্টিটিউট (PTI) |
| | | বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্ত কার্যালয়ের যে কোন কর্মকর্তা | | |

**থানা /উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয় (সকল)**

| ক্রম | ইউনিটের নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার ( আরটিআই) নাম ও পদবি | আপীল কর্তৃপক্ষ | যোগাযোগের ঠিকানা /দাপ্তরিক ফোন ও ইমেইল |
|---|---|---|---|---|
| ০১ | থানা /উপজেলা শিক্ষা অফিস | থানা /উপজেলা শিক্ষা অফিসার /জ্যেষ্ঠ সহকারী উপজেলা শিক্ষা অফিসার | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সংশ্লিষ্ট জেলা | সংশ্লিষ্ট থানা /উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয় |
| | | বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্ত কার্যালয়ের যে কোন কর্মকর্তা | | |

**থানা /উপজেলা রিসোর্স সেন্টার (সকল)**

| ক্রম | ইউনিটের নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার (আরটিআই) নাম ও পদবি | আপীল কর্তৃপক্ষ | যোগাযোগের ঠিকানা /দাপ্তরিক ফোন ও ইমেইল |
|---|---|---|---|---|
| ০১ | থানা /উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা/ থানা রিসোঁস সেন্টার | সুপারিনটেনডেন্ট সংশ্লিষ্ট পিটিআই | থানা /উপজেলা রিসোর্স সেন্টার(সংশ্লিষ্ট) |
| | | বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্ত কার্যালয়ের যে কোন কর্মকর্তা | | |

## ০৫. আপীল কর্তৃপক্ষ এবং আপীল পদ্ধতি:

নির্ধারিত ফরমে আবেদনকারী কোন ব্যক্তি যদি নির্দিষ্ট সময়সীমার মধ্যে তথ্য না পান কিংবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কোন সিদ্ধান্তে সংক্ষুব্ধ হন, তাহলে তিনি উক্ত সময়সীমা অতিক্রম হওয়ার পর বা সিদ্ধান্ত পাওয়ার পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে আপীল কর্তৃপক্ষের নিকট আপীল করতে পারবেন।

* আপীল আবেদনে আপীলের কারণ উল্লেখপূর্বক সাদা কাগজে বা তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা-২০০৯ এ ফরম ('গ' সংযুক্ত) এ আবেদন করা যাবে;

*সংশ্লিষ্ট আপীল কর্তৃপক্ষ আপীল আবেদন প্রাপ্তির পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে আপীল নিষ্পত্তি করবে;

## ০৬. স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যম:

| ক্রমিক | তথ্যের বিবরণ | তথ্য প্রকাশের মাধ্যম |
|---|---|---|
| ০১ | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ছবি ও জীবনবৃত্তান্ত। | ওয়েবসাইট |
| ০২ | সাংগাঠনিক কাঠামো | ওয়েবসাইট |
| ০৩ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (গ্রেড ভিত্তিক) কর্মকর্তা/ কর্মচারীগণের নাম ,পদবি , শাখা/অধিশাখা/ অনুবিভাগ, দাপ্তরিক ও আবাসিক টেলিফোন নম্বর, ফ্যাক নম্বর, ই-মেইল । | ওয়েবসাইট |
| ০৪ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মরত কর্মকর্তাগণের কর্মবন্টন | ওয়েবসাইট |
| ০৫ | বিভিন্ন কমিটি গঠন/ পুর্নগঠন সংক্রান্ত প্রাজ্ঞাপন, কমিটির সভা এবং সভার সিদ্ধান্ত | ওয়েবসাইট, সরকারি গেজেট অথবা পত্রের মাধ্যমে (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ০৬ | সকল ফোকল পয়েন্ট কর্মকর্তা | ওয়েবসাইট |
| ০৭ | টেকসই উন্নয়ন অভিলক্ষ(SDG) এর ডাটা সরবরাহ | পত্রেরমাধ্যমে (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ০৮ | বার্ষিক কর্ম পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি । | ওয়েবসাইট(তথ্য অধিকার সেবা বক্স) |
| ০৯ | বাজেট ও ক্রয় পরিকল্পনা | ওয়েবসাইট |
| ১০ | অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন | ওয়েবসাইট ও পত্রের মাধ্যমে প্রতিবেদন প্রেরণ |
| ১১ | সিটিজেনস চার্টার | ওয়েবসাইট |
| ১২ | Grievance Redress System (GRS) | ওয়েবসাইট |
| ১৩ | জাতীয় শুদ্ধাচার কৌশল | ওয়েবসাইট/নথি/ পত্রের মাধ্যমে |
| ১৪ | তথ্য অধিকার আইন ২০০৯ | ওয়েবসাইট/নথি/পত্রের মাধ্যমে |
| ১৫ | পরিসংখ্যান আইন -২০১৩ | ওয়েবসাইট |
| ১৬ | উদ্ভাবনী কার্যক্রম | ওয়েবসাইট |
| ১৭ | Open Govt. Data( ODG) | ওয়েবসাইট |
| ১৮ | প্রকল্প/ কর্মসূচি | ওয়েবসাইট |
| ১৯ | এডিপি/ আরএডিপি বাস্তবায়ন অগ্রগতি | ওয়েবসাইট |
| ২০ | সেবা সহজীকরণ | ওয়েবসাইট/ পত্রের মাধ্যমে |
| ২১ | বিভাগের ওয়েব মেইলের লিংক | ওয়েবসাইট |
| ২২ | অধীনস্থ অধিদপ্তর/ সংস্থার ওয়েবসাইটের লিংক | ওয়েবসাইট |
| ২৩ | আইন /বিধিমালা /নীতিমালা/ পরিপত্র | ওয়েবসাইট / এবংসরকারি গেজেট মুদ্রিত অনুলিপি প্রেরণ(প্রযোজ্য ক্ষেত্রে) |
| ২৪ | বিবিধ আদেশ /অনাপত্তি পত্র/বিজ্ঞপ্তি/ বিদেশ ভ্রমনের জি,ই,ও | ওয়েবসাইট এবং মুদ্রিত অনুলিপি |
| ২৫ | নোটিশ বোর্ড( সভার নোটিশ, সভার কার্যবিবরণী, ই-টেন্ডারের বিজ্ঞপ্তি, অতি জরুরী আদেশ/নির্দেশনা ) | ওয়েবসাইটে প্রকাশ, সংশিষ্ট অফিসে অনুলিপি প্রেরণ। |
| ২৬ | জাতীয়ও আন্তর্জাতিক দিবসসমূহ উদযাপন সংক্রান্ত নির্দেশনা/ অফিস স্মারক | ওয়েবসাইটে প্রকাশ , সংশ্লিষ্ট অফিসে অনুলিপি প্রেরণ |

| | | |
|---|---|---|
| ২৭ | বিভিন্ন সভা, সেমিনার ওয়ার্কশপ ও বিভিন্ন প্রকল্প পরিদশনকালীন সময়ের স্থিরচিত্র | ওয়েবসাইট/ নোটিশ বোর্ড /তথ্য অধিকার সংক্রান্ত সেবা বক্স |
| ২৮ | অভ্যন্তরীণ ও কেন্দ্রীয় ই- সেবা | ওয়েবসাইট/ মুদ্রিত অনুলিপি |
| ২৯ | সামাজিক যোগাযোগ (ফেইসবুক ) | ওয়েবসাইট |
| ৩০ | যোগাযোগের জন্য ফোন ,ফ্যাক ঠিকানা , গুগল ম্যাপ | ওয়েবসাইট |
| ৩১ | গুরুত্বপূর্ণ খবর | ওয়েবসাইট |
| ৩২ | অডিও ভিডিও গ্যালারী | ওয়েবসাইট |
| ৩৩ | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ থেকে সহজলভ্য এবং নিকট রক্ষিত তথ্যাদির সংক্ষিপ্ত ELECRONING FORM/ ধরন (প্রযোজ্য ক্ষেত্রে) | ওয়েবসাইট/বিনামুল্যে সরবরাহ |
| ৩৪ | নাগরিকদের তথ্য সংগ্রহের জন্য বিরাজমান সুযোগ- সুবিধা সংক্রান্ত বিবরণ | নোটিশবোর্ড, ওয়েবসাইট/গণমাধ্যম ইত্যাদি |
| ৩৫ | স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা | এই নির্দেশিকায় পরিশিষ্ট , কর্তৃপক্ষের/ তথ্য প্রদান ইউনিটের ওয়েবসাইট, অফিসে হার্ড ও সফট্ কপি |
| ৩৬ | নাম ,পদবী ,ঠিকানা, ফোন নম্বর এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক নম্বর ও ই- মেইল ঠিকানাসহ তথ্য প্রদানকারী বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিবরণ | প্রত্যেক কর্তৃপক্ষের নোটিশ বোর্ড/ ওয়েবসাইট/তথ্য অধিকার সেবা বক্স/গণমাধ্যম ইত্যাদি |
| ৩৭ | সরকার / কর্তৃপক্ষ কর্তৃক সম্পাদিত-<br>(ক) উন্নয়ন প্রকল্প সংক্রন্ত চুক্তি<br>(খ) প্রত্যেক চুক্তির সংক্ষিপ্ত বিররণ, প্রাক্কলিত ব্যয়/চুক্তির মেয়াদ কাল ইত্যাদি | যে এলাকায় এবং যেসব স্থানে এলাকার জনগণের কাছে সহজে দৃষ্টিগোচর হয় যেমন, গণগ্রন্থাগার , শিক্ষা প্রতিষ্টান, ধর্মীয় বা সামাজিক প্রতিষ্টান এবং এই ধারণের অন্য স্থান |
| ৩৮ | তথ্য প্রাপ্তির আবেদন, আপিল ও অভিযোগের ফরম | এই নির্দেশিকায় পরিশিষ্ট , কর্তৃপক্ষের/ তথ্য প্রদান ইউনিটের ওয়েবসাইট, অফিসে হার্ড ও সফট্ কপি |
| ৩৯ | বাংলাদেশ জাতীয় সংসদে প্রশ্নোত্তর প্রেরণ | পত্র , ই-মেইল ও ই –ফাইলিং এর মাধ্যমে (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ৪০ | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক চাহিত বিভন্ন মন্ত্রণালয়ের প্রতিবেদন প্রেরণ | পত্র , ই-মেইল ও ই –ফাইলিং এর মাধ্যমে(প্রযোজ্য ক্ষেত্রে)/ওয়েবসাইট |
| ৪১ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর আওতাধীণ বিবিধ মামলা সংক্রান্ত তথ্য | পত্রের মাধ্যমে (প্রযোজ্য ক্ষেত্রে) /ওয়েবসাইট |
| ৪২ | অডিট আপত্তি নিষ্পত্তি সম্পর্কিত তথ্য | পত্রের মাধ্যমে (প্রযোজ্য ক্ষেত্রে) |

## কর্তৃপক্ষ আরো যে সকল তথ্য স্বপ্রণোদিতভাবে প্রকাশ করবে:

| | | |
|---|---|---|
| ০১ | চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তালিকা | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকার পরিশিষ্ট, সংশ্লিষ্ট তথ্য প্রদান ইউনিটের নোটিশ বোর্ড কর্তৃপক্ষের / তথ্য প্রদান ইউনিটের ওয়েবসাইট , কতৃর্পক্ষের পরিদর্শনের জন্য অফিসে রক্ষিত থাকবে। |
| ০২ | প্রদান বাধ্যতামুলক নয় , এমন তথ্যের তালিকা | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকার পরিশিষ্ট, সংশ্লিষ্ট তথ্য প্রদান ইউনিটের নোটিশ বোর্ড কর্তৃপক্ষের / তথ্য প্রদান ইউনিটের ওয়েবসাইট , কতৃর্পক্ষের পরিদর্শনের জন্য অফিসে রক্ষিত থাকবে |
| ০৩ | স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকার পরিশিষ্ট, সংশ্লিষ্ট তথ্য প্রদান ইউনিটের নোটিশ বোর্ড কর্তৃপক্ষের / তথ্য প্রদান ইউনিটের ওয়েবসাইট , কতৃর্পক্ষের পরিদর্শনের জন্য অফিসে রক্ষিত থাকবে |
| ০৪ | আবেদন, আপিল ও অভিযোগের ফরম | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকার পরিশিষ্ট, সংশ্লিষ্ট তথ্য প্রদান ইউনিটের নোটিশ বোর্ড কর্তৃপক্ষের / তথ্য প্রদান ইউনিটের ওয়েবসাইট , কতৃর্পক্ষের পরিদর্শনের জন্য অফিসে রক্ষিত থাকবে |
| ০৫ | যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুত | তথ্য অধিকার আইন,২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুত ও হালনাগাদকরণ(কতৃর্পক্ষের পরিদর্শনের জন্য অফিসে রক্ষিত থাকবে) |

## ০৭. চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্যের তালিকা:

নিম্নলিখিত তথ্যসমূহ জনগণের চাহিদার ভিত্তিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদান করা হবে (ওয়েবসাইটে রক্ষিত)-

* স্বপ্রণোদিতভাবে প্রকাশিত সকল তথ্য
* বিভিন্ন নীতি
* সংস্থার বাজেট
* আর্থিক তথ্য, যেমন -আয়/ব্যয় সংক্রান্ত হিসাব বিবরণী
* অডিট রিপোর্ট (জবাব সহ)
* ক্রয় কার্যক্রম সংক্রন্ত তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে)
* উপকারভোগীর তালিকা
* অডিট ভিজুয়াল ডকুমেন্ট
* নিয়োগ /বদলীর আদেশ (প্রযোজ্য ক্ষেত্রে)
* দেশ বা বিদেশ ভ্রমণসংক্রান্ত তথ্যাদি
* প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্য (পরিশিষ্ট-৬ ব্যতীত অন্য সকল তথ্য)
* বার্ষিক প্রতিবেদন

## ০৮. কতিপয় তথ্য প্রকাশ/প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্যের তালিকা ( নির্দেশিকা প্রণয়নকারী কর্তৃপক্ষ নিজ প্রতিষ্ঠানের কার্যাবলি বিবেচনা করে তালিকাটি প্রণয়ন করবেন ):

নিম্নলিখিত তথ্যসমূহ প্রদান ও প্রকাশ করতে কর্তৃপক্ষ বাধ্য থাকবে না -(তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭ এর (ক) থেকে(ণ) ধারায় উল্লেখ রয়েছে)

- কর্মী ও উপকার ভোগীর ব্যক্তিগত জীবনের গোপণীয়তা ক্ষুন্ন হয় এরুপ তথ্য;
- বিচারাধীন মামলার তথ্য যা ঐ মামলার সুষ্ঠু বিচার কার্যকে ব্যাহত করতে পারে এরুপ তথ্য;
- তদন্তাধীণ বিষয় সংশ্লিষ্ঠ কোন তথ্য, যার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটাতে পারে;
- কোন ক্রয় কার্যক্রমের বিষয়ে সিদ্ধান্ত নেয়ার আগে সংশ্লিষ্ঠ ক্রয় বা এর কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য;
- গবেষণার সূত্র বা কৌশল বা কারো বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্থ হতে পারে, এরুপ তথ্য এবং
- নিয়োগ ও পদোন্নতি পরীক্ষাসহ সকল পরীক্ষার আগাম তথ্য ইত্যাদি
- কোন তথ্য প্রকাশের ফলে প্রকাশের ফলে প্রচলিত আইনের প্রয়োগ বাধাগ্রস্ত হইতে পারে বা অপরাধ বৃদ্ধি পাইতে পারে এইরুপ তথ্য
- কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ণ হইতে পারে এইরুপ তথ্য;
- কোন তথ্য প্রকামের ফলে কোন ব্যক্তির জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন ইহতে পারে এইরুপ তথ্য;